



Keyboard

Phonetic

Mouse

User Manual

User Manual

for

Avro Keyboard 3.1

Author: Mehdi Hasan

Revised Edition – 20th February, 2006
First Edition – 9th February, 2006

Avro Keyboard: <http://www.omicronlab.com/avrokeyboard/>
Online Forum: <http://www.omicronlab.com/forum/>
OmicronLab: <http://www.omicronlab.com/>
Author: mhasan@omicronlab.com


Copyright © OmicronLab. All Rights Reserved.




কম্পিউটারে বাংলা ভাষার ব্যবহার এখন আর শুধু লেখালেখিতে সীমাবদ্ধ নেই। অত্র কীবোর্ড এর অনেক ব্যবহারকারীই জানেননা কত বড় ক্ষেত্রে অত্র কীবোর্ড দিয়ে বাংলার প্রয়োগ ঘটানো যায়। এখানে আমি ছোট্ট একটা উদাহরণ দিব, কিভাবে অত্র কীবোর্ড দিয়ে আপনি ইন্টারনেটে সরাসরি বাংলা লিখতে পারবেন।

ইন্টারনেটে বাংলায় কিছু সার্চ করাঃ

আপনি এই সময়ের সবচেয়ে জনপ্রিয় সার্চ ইঞ্জিন Google (<http://www.google.com/>) ব্যবহার করে ইন্টারনেটে সরাসরি বাংলায় সার্চ করতে পারেন। নিচের Screen-shot টি দেখুনঃ



এখানে আমি অত্র কীবোর্ড এবং Internet Explorer 6 ব্যবহার করে সরাসরি Google এ “বাংলাদেশ” লিখেছি, এবার সার্চ দিলেই Google “বাংলাদেশ” সম্পর্কিত বাংলা ওয়েব সাইটগুলো আপনার জন্য নিয়ে আসবে।



এভাবে শুধু তথ্য খুঁজতে নয়, ই-মেইল, অন-লাইন ফোরামগুলোতে লেখা ইত্যাদি কাজও আপনি বাংলায় করতে পারেন অভ্র কীবোর্ড দিয়ে!!

নোটঃ

১) বাংলা লেখার জন্য Browser এর সর্বশেষ ভার্সনটি ব্যবহার করুন। আমি Windows Xp অপারেটিং সিস্টেম এ Internet Explorer 6, Opera 8 এবং Firefox দিয়ে পরীক্ষা করে সবকটাতেই সরাসরি বাংলা লিখতে সক্ষম হয়েছি।

২) ইন্টারনেটে বাংলা লেখার সময় আপনাকে বাংলা ফন্ট নিয়ে ভাবতে হবে না, অভ্র কীবোর্ড এর সাথে আপনি বিভিন্ন ফন্ট ডেভেলপার এর সৌজন্যে অনেকগুলো বাংলা ফন্ট পেয়েছেন। ইন্টারনেট এ বাংলা লেখার সময় বাংলা দেখানোর জন্য Windows ঐসমস্ত ফন্টের কোন একটা ব্যবহার করবে।

৩) কোন কারণে বাংলা লিখতে গেলে Browser যদি “????” চিহ্ন দেখায় (Internet Explorer 5 এ এমনটি হতে পারে) তবে অভ্র কীবোর্ড এর “Through Clipboard” মোড এ লেখার চেষ্টা করে দেখুন। সাধারণভাবে বাংলা লেখা যায় না এমন বেশিরভাগ ক্ষেত্রেই অভ্র কীবোর্ডের অসাধারণ ফিচার “Through Clipboard” মোডে বাংলা লেখা সম্ভব।